মন্ত্রিপরিষদ বিভাগের মার্চ ২০২৩ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: মার্চ ২০২৩ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১১ এপ্রিল ২০২৩

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৭	২৬০	১৫৭
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,২৬৭	৮৩১
মোট	২,৫১৫	১,৫২৭	৯৮৮

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	২৬	৩১	৪৫	৫৩	১৫৭
দুর্নীতি দমন কমিশন	-	-	২৪০	২৩৮	২২৮	১২৫	৮৩১*
মোট	২	-	২৬৬	২৬৯	২৭৩	১৭৮	৯৮৮

মন্ত্রিপরিষদ বিভাগের শূন্যপদ পূরণের জন্য প্রশাসন অনুবিভাগকে এবং দুর্নীতি দমন কমিশনের শূন্যপদ পূরণের জন্য জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগকে গত ১২ মার্চ ২০২৩ তারিখে অনানুষ্ঠানিক পত্র প্রেরণ করা হয়েছে।

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	১১	১১	-	৫	৫	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	-	-	৭	-	০১-০৩ মার্চ ২০২৩ মেয়াদে কক্সবাজার, ৯-১০ মার্চ ২০২৩ মেয়াদে কুমিল্লা, ১৭ মার্চ টুঙ্গিপাড়া এবং ২৬ মার্চ ২০২৩ তারিখে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।
উন্নয়ন প্রকল্প পরিদর্শন	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ	-	-	-	-	-	-	

দুর্নীতি দমন কমিশন	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী		সচিব		
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	-	-	২	-	২১-২২ মার্চ ২০২৩ মেয়াদে টাঙ্গাইলের দুর্নীতি প্রতিরোধ কমিটির কর্মশালায় যোগদান

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	মন্তব্য
1. Technical Assistance for promoting Nutrition Sensitive Social Security programmes	১২৬	৫৩.৪৮ (৪২ শতাংশ)	-
2. Platforms for Dialogue-Strengthening Inclusion and Participation in Decision Making and Accountability Mechanisms in Bangladesh	১,৭০১	১,৫৬৩.৫২ (৯২ শতাংশ)	
3. Support to the Central Management Committee's (CMC) policy Guidance on Child Component of the NSSS	১৩০	১২.৬৯ (৬ শতাংশ)	
4 Social Security Policy Support Programme (1st revised)	৫৫৭	৩৮২.৬৫ (৬৯ শতাংশ)	
5. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-4)	১৫০	১০৭.০৮ (৭১ শতাংশ)	
6. National Integrity Strategy support Project Phase-2	৩৪	৩৩.১৩ (৯৭ শতাংশ)	
মোট=০৬টি	২,৬৯৮	২,১৫২.০৩ (৭৯.৭৬ শতাংশ)	

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই।

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৩টি	০.২৩	৬টি	-	১৩টি	মন্ত্রিপরিষদ বিভাগের মোট অডিট আপত্তির সংখ্যা ১৩টি। মোট ১৩টি অডিট আপত্তির মধ্যে ০৭টি অডিট আপত্তির বিষয়ে ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে মামলা বিচারাধীন রয়েছে (মামলা নম্বর ৭/২০০০) এবং অবশিষ্ট ০৬টি অডিট আপত্তির বিষয়ে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে।
দুর্নীতি দমন কমিশন	৪০টি	৭৮৬.৭০	১৮টি	২৩	১৭টি	-
মোট	৫৩টি	৭৮৬.৯৩	২৪টি	২৩টি	৩০টি	-

মন্ত্রিপরিষদ বিভাগের অডিট আপত্তি সংক্রান্ত মামলা এবং অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রশাসন অনুবিভাগকে এবং দুর্নীতি দমন কমিশনের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির জন্য জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগকে গত ১২ মার্চ ২০২৩ তারিখে অনানুষ্ঠানিক পত্র প্রেরণ করা হয়েছে।

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১৩	-	-	১	-	১৩	৬
মোট	১৩	-	-	১	-	১৩	৬

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	১০৬তম সিনিয়র স্টাফ কোর্স	১৪ ফেব্রুয়ারি - ৩০ মার্চ ২০২৩ মেয়াদে	জনপ্রশাসন মন্ত্রণালয়	একজন
	২।	Digital Transformation and Digital Social Protection	০৬-১০ মার্চ ২০২৩ মেয়াদে	এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক	একজন
	৩।	৩৩তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে	১৯ ফেব্রুয়ারি-০২ মার্চ ২০২৩	জনপ্রশাসন মন্ত্রণালয়	একজন
দুর্নীতি দমন কমিশন	১।	অভিযোগ কেন্দ্র ১০৬ এর দায়িত্বপালন সংক্রান্ত প্রশিক্ষণ	১৩-১৪ মার্চ ২০২৩	দুর্নীতি দমন কমিশন	৬৭ জন
	২।	শুদ্ধাচার ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ	১৫ মার্চ ২০২৩	দুর্নীতি দমন কমিশন	৩০ জন
	৩।	দাপ্তরিক কার্যপদ্ধতি ও শৃঙ্খলা বিষয়ক প্রশিক্ষণ	২১-২৩ ও ২৮-৩০ মার্চ ২০২৩	দুর্নীতি দমন কমিশন	৬০ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের ২০২২-২৩ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘন্টা) চলমান রয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ০৫ জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নেই।

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক দুইটি; নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটির সভা একটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০৪টি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০৪টি সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রিসভা-বৈঠকে ১৬টি সিদ্ধান্ত গৃহীত হয়, এর মধ্যে ০৯টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে।

(২) প্রতিবেদনাধীন মাসে সর্বমোট ১০টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগগুলির বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এ সময়ে মোট ২১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ২০টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

(৩) স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নীতিমালার আলোকে নিজ নিজ ক্ষেত্রে গৌরবোজ্জল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ ২০২৩ সালে নয় জন বিশিষ্ট ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানকে স্বাধীনতা পুরস্কার প্রদান করা হয়েছে।

(৪) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ফেব্রুয়ারি দ্বিতীয় ও মার্চ প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়েছে।

(৫) ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৬) বাংলাদেশ এবং ভারতের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক যৌথভাবে ১৮ মার্চ ২০২৩ তারিখে 'ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন'-এর ভার্চুয়াল উদ্বোধন করার বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৭) ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবসে 'টুঙ্গী পাড়ার মিয়া ভাই' চলচ্চিত্রটি শিল্পকলা একাডেমিতে এবং সরকারি অনুদানে নির্মিত 'বধ্যভূমিতে একদিন' পূর্ণদৈর্ঘ্য প্রামাণ্যচিত্রটি বাংলাদেশের ৬৪টি জেলায় প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৮) বিভিন্ন মামলায় ০৫ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে চার্জশিট দাখিল, ২ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে এফআরটি দাখিল, ৬৪ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় পরিসমাপ্ত করা হয়েছে মর্মে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হয়। তদ্‌প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে মার্চ ২০২৩ মাসে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়েছে।

(৯) ২০২২-২৩ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণের লক্ষ্যে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, ঢাকা খুলনা, দিনাজপুর, সিলেট, ময়মনসিংহ, পাবনা, রাজশাহী, রংপুর, কিশোরগঞ্জ, বগুড়া, বরিশাল এবং গোপালগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের ফৌজদারি কার্যবিধির আওতাধীন অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বরগুনা, ঝালকাঠি, পিরোজপুর, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, বাগেরহাট, চুয়াডাঙ্গা, যশোর, খুলনা, নড়াইল, সাতক্ষীরা, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, সিরাজগঞ্জ, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, রংপুর, ঠাকুরগাঁও, মৌলভীবাজার, সিলেট, জামালপুর, ময়মনসিংহ, নেত্রকোনা এবং শেরপুর জেলার বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) ২-৪ মার্চ ২০২৩ মেয়াদে মন্ত্রিপরিষদ সচিব এবং ২৮ মার্চ ২০২৩ তারিখে সচিব, সমন্বয় ও সংস্কার-এর সভাপতিত্বে যথাক্রমে 'Implementation of NSSS: Meeting EU Budget Support Targets' এবং সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সমন্বয় সভার আয়োজন করা হয়েছে।

(১২) সিআরভিএস-এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে ০১ মার্চ ২০২৩ তারিখে শেরপুর, ২৮ মার্চ ২০২৩ তারিখে নরসিংদী এবং ২৯-৩০ মার্চ ২০২৩ মেয়াদে টাঙ্গাইল জেলায় সেমিনারের আয়োজন করা হয়।

(১৩) ১৮ মার্চ ২০২৩ তারিখে জনাব মোঃ মিরাজ ভূইয়া, চীফ রিপোর্টার, সাপ্তাহিক আলো কর্তৃক দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে চাহিত তথ্য প্রদান করা হয়।

(১৪) 'জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২৩ তারিখ শুক্রবার সারাদেশে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা উত্তোলন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের প্রজ্ঞাপন বাংলাদেশ সরকারি মুদ্রণালয় থেকে একই তারিখের বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

গ.আগামী (এপ্রিল-মে) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক; জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি; নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি; আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি; মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন; মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(২) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০০তম সভা এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৩) প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১১৯তম সভা।

(৪) ২০২১ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সারসংক্ষেপ, বিজ্ঞপ্তি এবং কার্যবিবরণীসমূহ বই আকারে বাঁধাইয়ের জন্য বিজি প্রেসে প্রেরণ।

(৫) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা অনুষ্ঠান।

স্বাক্ষরিত/-

চৌধুরী মোয়াজ্জম আহমদ
উপসচিব
ফোন: ৯৫১৪৮৮৭
e-mail: report_sec@cabinet.gov.bd